# আমিষের চাহিদা মেটাতে মাছের উৎপাদন বাড়ানোর আহ্বান স্পিকারের



জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। ছবি: সংগৃহীত

দেশের মানুষের আমিষ ও পুষ্টির চাহিদা পূরণে মাছের উৎপাদন আরও বাড়ানোর ওপর গুরুত্ব দিয়েছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

সোমবার (২৮ সেপ্টেম্বর) সকালে জাতীয় সংসদ লেকে পোনা মাছ অবমুক্তকরণ কর্মসূচিতে অংশ নিয়ে তিনি এ কথা বলেন।

স্পিকার বলেন, দেশে যেখানে মাছ চাষের সুযোগ রয়েছে, সেসব জায়গা কাজে লাগাতে হবে। জলাশয় ও উপযুক্ত স্থানে পরিকল্পিতভাবে মাছ চাষ বাড়ানো গেলে একদিকে মানুষের পুষ্টির চাহিদা পূরণ হবে, অন্যদিকে মাছের উৎপাদনও বাড়বে।

মাছ চাষের প্রসারের মাধ্যমে দেশের অর্থনীতিতে অবদান রাখার পাশাপাশি আমিষের চাহিদা পূরণে সংশ্লিষ্ট সবাইকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান তিনি।

কর্মসূচির অংশ হিসেবে জাতীয় সংসদ লেকে প্রায় ২৫০ কেজি পোনা মাছ অবমুক্ত করেন স্পিকার। এ সময় জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি উপস্থিত ছিলেন।

LENS ASIA